এজ কনসার্ন স্ক্রিপ্ট - খসড়া 1

এজ কনসার্ন-এ সন্ধান করা

আমরা এজ কনসার্নে বৃদ্ধ মানুষদের সহায়তা ও সুযোগ প্রদান করে থাকি। 1976 সালের পর থেকে আমরা 60 বছরের বেশি বয়সের মানুষদের জীবনের মান উন্নয়নের জন্য কার্ডিফ ও দ্য ভেল অফ গ্ল্যামরগান অঞ্চল জুড়ে কাজ করে আসছি।

আমরা যে পরিষেবাগুলি প্রদান করি, তা সেই সকল মানুষের প্রচুর উপকারে আসে যাদের আমাদের সাহায্য দরকার। আমরা এইগুলি করি:

পরিষেবা ও সহায়তা প্রদান
জনশিক্ষা ও পরামর্শ প্রদান
উদ্ভাবনশীলতা ও গবেষণার বিকাশ
সরকারী সংস্থা এবং আমাদের এলাকার অন্যান্য স্বেচ্ছাসেবী সংস্থাগুলির সাথে অংশীদারি ও সহযোগিতায় উৎসাহ দেওয়া

এজিং ওয়েল প্রোগ্রাম - হেলদি, ওয়েলদি অ্যান্ড ওয়াইজ

জয়, ডেভিড ও রিচার্ডের বয়স বাড়ার সাথে সাথে তারা সকলে ফিট ও সুস্থ থাকতে চান...
আমাদের এজিং ওয়েল প্রোগ্রাম 50 বছরের বেশি বয়সের মানুষের উন্নততর স্বাস্থ্য এবং মঙ্গলসাধনের জন্য কাজ করে। আমাদের পরিষেবার অংশ হিসাবে আমরা সমাজে অনুষ্ঠানের আয়োজন করি যেগুলি মানুষকে স্বাস্থ্য সংক্রান্ত বিষয় এবং তাই চি, লাইন ডান্সিং ও IT ক্রিয়াকলাপের মত বিভিন্ন কাজ সম্পর্কে তথ্য পাওয়ার সুযোগ প্রদান করে। উইস্ট ড্রাইভ (এক জাতীয় তাস খেলা), রান্নার ক্লাস, দিবাকালীন ভ্রমণ, ডিকুপেজ (সৃজনশীল শিল্প), টেপিস্ট্রি, শিল্প ও সূচের কাজের মত বিনোদনমূলক ক্রিয়াকলাপও পাওয়া যায় - এছাড়া খাবার, সুস্থতা, স্থানীয় ইতিহাস, এলাকাবাসীর নিরাপত্তা, স্বাস্থ্য সংক্রান্ত বিষয় এবং স্থানীয় গণতন্ত্র বিষয়ক আমাদের শিক্ষামূলক আলোচনাগুলির থেকে সর্বদাই নতুন কিছু শেখার সুযোগ পাওয়া যায়। এই অনুষ্ঠানগুলি এলি (Ely) ও ল্যানরামনি (Llanrumney) এলাকায় ''হেলদি, ওয়েলদি অ্যান্ড ওয়াইজ''-এ এবং ব্যারিতে আমাদের ''সিনিয়র হেল্থ শপ''-এও আয়োজিত হয়, ব্যারির কর্মসূচিটি হল ওয়েলসে স্থাপিত প্রথম এজিং ওয়েল প্রজেক্ট।
শারীরিক ক্রিয়াকলাপগুলিও এই কর্মসূচির গুরুত্বপূর্ণ অঙ্গ, যার মধ্যে এক্সটেন্ড (EXTEND) ক্লাস, টি ডান্স, কীপ ফিট, সাঁতার, যোগব্যায়াম এবং হাঁটা অন্যতম। জয়, ডেভিড ও রিচার্ডের মত মানুষদের জন্য এজিং ওয়েল প্রোগ্রাম আদর্শ, যারা সামাজিকরূপে সক্রিয় জীবনশৈলী বজায় রাখার পাশাপাশি তাদের শারীরিক সক্ষমতা ধরে রাখতে চান।

এজিং ওয়েল প্রোগ্রাম - পরামর্শ দানের পরিষেবা

অ্যান একাকী অনুভব করছেন এবং তার সমস্যার বিষয়ে গোপনতা বজায় রেখে কারো সাথে কথা বলার সুযোগ চান.... এজিং ওয়েল কনসার্ন আবেগগত দিক থেকে ভাল থাকার উপরেও মনোনিবেশ করে এবং কার্ডিফে আমরা 50 বছর ও তার বেশি বয়সের সেই সকল মানুষদের জন্য একটি পরামর্শ দানের পরিষেবা প্রদান করি, যারা তাদের আবেগগত সমস্যাগুলির বিষয়ে গোপনীয়তা বজায় রেখে কথা বলতে চান। প্রশিক্ষিত পরামর্শদাতারা অধিকাংশই স্বেচ্ছাসেবী যারা বিনা পারিশ্রমিকে তাদের সময় ও অভিজ্ঞতা দেন। পরামর্শ দানের পরিষেবার সাথে যোগাযোগ করা একটা সোজাসাপটা প্রক্রিয়া, তবে কোন ব্যক্তির ডাক্তার, সমাজ কর্মী বা স্বাস্থ্য পরিদর্শকও তাকে এখানে রেফার করতে পারেন। সেশনগুলি বাড়িতেই অনুষ্ঠিত হতে পারে, অথবা ব্যক্তির ইচ্ছানুসারে পরামর্শ কক্ষেও করা যেতে পারে এবং এইগুলি সাধারণতঃ ছয় সপ্তাহের একটি সময়কাল ধরে প্রতি সপ্তাহে এক ঘণ্টার জন্য আয়োজিত হয়।

অংশগ্রহণ করার কার্যক্রম

‘‘অংশগ্রহণ করার কার্যক্রমে ফ্র্যাঙ্কের অংশগ্রহণ তাকে স্থানীয় বিষয়গুলিতে তার আগ্রহকে বজায় রাখতে সাহায্য করে, আর তার এখন তিনি বৃদ্ধ হয়েছেন। তাই তিনি মত প্রকাশের এই সুযোগকে স্বাগত জানান, বিশেষত বৃদ্ধ মানুষদের জন্য পরিষেবার বন্দোবস্ত বিষয়ে মত প্রকাশে সুযোগ পাওয়াকে।
অংশগ্রহণ করার কার্যক্রমটি ফ্র্যাঙ্ক এবং সমমনস্ক বৃদ্ধ মানুষদের বিভিন্ন ধরনের সুযোগ প্রদান করে, যাতে তারা অনুষ্ঠান ও সম্মেলনে অংশগ্রহণ চালিয়ে যেতে পারেন অথবা অংশ নেওয়া শুরু করতে পারেন।

অংশগ্রহণ করার কার্যক্রমটি একটি ত্রৈমাসিক নিউজলেটার প্রস্তুত করে যার শিরনাম হল *লাইফ টাইমস। লাইফ টাইমস* বৃদ্ধদের আগ্রহের বিষয়গুলি প্রকাশ করে এবং তাদের প্রবন্ধ লেখা, পত্র পাঠানো এবং ভবিষ্যতের সংস্করণের জন্য বিষয় ও প্রবন্ধ সুপারিশ করার মাধ্যমে নিজের মতামত দেওয়ার সুযোগ প্রদান করে।
কংগ্রেস ও নিউজলেটারের পাশাপাশি এই কার্যক্রমটি অংশগ্রহণের অন্যান্য সৃষ্টিশীল উপায়গুলিকে উৎসাহ প্রদানের ক্ষেত্রে অত্যন্ত উদ্ভাবনশীল ভূমিকে নিয়েছে, যেমন স্মৃতির থিয়েটার কর্মসূচি এবং পরিবহণ, স্বাস্থ্য ও ভাল থাকা এবং আবাসনের মত নির্দিষ্ট বিষয়গুলির উপরে মনোনিবেশকারী এক সারি ফোকাস গ্রুপ।
অংশগ্রহণ করার কার্যক্রম ফ্র্যাঙ্ককে তার মতামত প্রকাশ করা এবং অবসর গ্রহণের পরেও সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করার সুযোগ দিয়েছে। তিনি এখনও নিজেকে সমাজের একজন মূল্যবান সদস্য ভাবেন।

বাণিজ্যিক পরিষেবাগুলি

অড্রে এমন একটি বিমা চান যা বিশেষত তার প্রয়োজনগুলির জন্য পরিকল্পিত হবে.... তিনি একজন বন্ধুভাবাপন্ন মানুষের সাথে মুখোমুখি কথা বলার সুযোগ চান, যিনি তার বিমা পলিসির বিষয়ে যে কোন প্রশ্নের জবাব দিতে পারবেন। এজ কনসার্নে আমরা বিশেষত 50 বছরের বেশি মানুষদের চাহিদাকে মাথায় রেখে এক সারি পণ্য ও পরিষেবা তৈরি করেছি। এই পরিষেবা ব্যবহার করার মাধ্যমে অড্রে গৃহ, ভ্রমণ ও মোটর বিমার সুযোগ পেতে সক্ষম হয়েছেন যা তার পরিস্থিতির কথা বিবেচনা করে, এছাড়া তিনি এর মাধ্যমে যত্নশীল গ্যাস ও বিদ্যুত যোজনা, স্বাধীনভাবে বসবাস করার জন্য ব্যবহার করতে পারেন এমন একটি এইড কল ব্যক্তিগত এলার্ম, মনকে শান্তি দানকারী সৎকারের পরিকল্পনা পেয়েছেন এবং এর মাধ্যমে তিনি একটি সাপ্তাহিক লটারির টিকিটও কিনতে পারেন যা দাতব্য সংস্থার জন্য অর্থ সংগ্রহের এক মজাদার উপায়। তবে বাণিজ্যিক পরিষেবাগুলির থেকে অর্জিত যে কোন লাভ নিশ্চিতরূপেই এজ কনসার্ন দ্বারা পরিচালিত অন্যান্য কার্যক্রমের অর্থ জোগানোর জন্য ব্যবহৃত হয়।

আইনি পরামর্শ দানের পরিষেবা

ভ্যাল তার মতামতগুলি স্থানীয় সোশ্যাল সার্ভিসেস বিভাগকে জানানোর বিষয়ে সহায়তা চান।

এজ কনসার্ন আইনি পরামর্শ দানের পরিষেবা ব্যবহার করা এটা সুনিশ্চিত করার একটা উপায় হতে পারে যেন ভ্যালের মতামতগুলি সেই ব্যক্তিদের শোনানো যায়, যাদের এইগুলি শোনা দরকার। আইনি পরামর্শ দানের পরিষেবাটি বিশেষরূপে প্রশিক্ষিত কর্মী ও স্বেচ্ছাসেবীদের ব্যবহার করে শক্তিশালী করে তোলার উপরে গুরুত্ব আরোপ করে, যাতে 60 বছরের বেশি বয়সের মানুষরা চিঠি লিখে, ফোন কল করে, তাদের ইচ্ছাগুলি উপস্থাপনা করে বা বহিঃস্থ সংস্থাগুলির সাথে দরকষাকষি করে তাদের অধিকারগুলি প্রয়োগ করতে সক্ষম হতে পারেন, যেমন ভ্যালের ক্ষেত্রে সোশ্যাল সার্ভিসেস বিভাগ। আপনি নিজের বাড়ি, কেয়ার হোম বা হাসপতালে থাকাকালীন সেখান থেকেই আইনি পরামর্শ দানের পরিষেবা ব্যবহার করতে পারেন।

হিতসাধন অধিকার সংক্রান্ত পরিষেবা

জীবনধারণের বর্ধমান খরচের সাথে সাথে বিল এমন কোন বেনেফিট (সুবিধা) পেতে পারেন কিনা যা তার আর্থিক পরিস্থিতির উন্নতি ঘটাতে পারে, তা খতিয়ে দেখার জন্য যাতে একজন হিতসাধন অধিকার সংক্রান্ত পরামর্শদাতাকে তার বাড়িতে পাঠানো হয়, সেই উদ্দেশ্যে বিল স্থানীয় এজ কনসার্নে যোগাযোগ করেছিলেন। খরচ বাড়তে থাকার সাথে সাথে আপনার জন্য কি কি আর্থিক সহায়তা উপলব্ধ হতে পারে সেই বিষয়ে আপনার কিছু তথ্য প্রয়োজন হতে পারে। দ্য ভেল অফ গ্ল্যামরগান ও কার্ডিফ এলাকায় 60 বছরের বেশি বয়সের সকল মানুষের জন্য হিতসাধন অধিকার সংক্রান্ত পরিষেবা প্রদান করা হয়। হিতসাধন অধিকার সংক্রান্ত পরামর্শদাতা পেনশন ক্রেডিট, কাউন্সিল ট্যাক্স বেনেফিট এবং উপস্থিতি ভাতার মত বিভিন্ন বেনেফিট সম্বন্ধে আপনাকে পরামর্শ দেবেন এবং আপনার বাড়িতে আপনার সাথে সাক্ষাত করে প্রাসঙ্গিক ফর্মগুলি পূরণ করতে সাহায্য করবেন। প্রতি বছর লক্ষ লক্ষ পাউন্ড বেনেফিট কেউ দাবি করেন না.... আপনার যদি জীবনের মানের উন্নতিসাধনের অধিকার থাকে তাহলে সেটা ছাড়বেন কেন?

হাসপাতাল থেকে অব্যাহতি পাওয়ার পরবর্তী পরিষেবা

লিন হাসপাতালে যাচ্ছেন এবং ছাড়া পাওয়ার পরে তাকে সাহায্য করার জন্য তার পাশে কেউ থাকবেন কিনা তা জানতে চান....কার্ডিফ বা দ্য ভেল অফ গ্ল্যামরগান এলাকায় বসবাসরত ষাট বছরের বেশি বয়সের যে কোন মানুষ হাসপাতাল থেকে বাড়িতে ফেরার পরে তাদের জন্য হাসপাতাল থেকে অব্যাহতি পাওয়ার পরবর্তী পরিষেবাটি একটি স্বল্পকালীন, নমনীয় পরিষেবা প্রদান করে। আপনার হাসপতাল থেকে অব্যাহতি পাওয়ার পরবর্তী সপ্তাহগুলিতে একজন সহায়ক আপনাকে কেনাকাটা, হালকা খাবার তৈরি করা, প্রেসক্রিপশন সংগ্রহ করার পাশাপাশি অন্যান্য দৈনন্দিন কাজে সহায়তা করতে পারেন। তারা আপনাকে স্বনির্ভরতায় প্রত্যাবর্তনে সহায়তা করার জন্য এই সময়ে গড়ে তিন থেকে চারবার আসেন। এই পরিষেবাটি নিঃশুল্ক, তবে যে কোন দানকে স্বাগত জানানো হয়। হাসপাতাল থেকে অব্যাহতি পাওয়ার পরবর্তী পরিষেবা একটি ঘরোয়া সেবার এজেন্সি হিসাবে ওয়েলসের কেয়ার স্ট্যান্ডার্ডস ইন্সপেক্টরেটের নিকটে নিবন্ধীকৃত, যার অর্থ এই যে আমরা ব্যক্তিগত সেবায় সহায়তা করতে পারি।

এজ কনসার্ন-এর দাতব্য দোকানগুলি

জিন এজ কনসার্ন-এর দাতব্য দোকানগুলিতে যেতে সত্যিই আনন্দ পান...

এজ কনসার্ন-এর দাতব্য দোকানগুলি স্থানীয় সম্প্রদায়ে জিনিস কেনা ও দান করার আদর্শ স্থান - এ যেন এক আলাদিনের গুহা যেখানে বৈচিত্র্যপূর্ণ সম্ভারের পণ্য পাওয়া যায়, কি কি পাওয়া যায় তা আপনাকে ভিতরে প্রবেশ করে আবিষ্কার করতে হবে। বয়স্ক মানুষদের জন্য এই দোকানগুলিতে যাওয়া স্থানীয় সম্প্রদায়ের ঘটনাগুলি সম্বন্ধে আরো বিশদে জানার একটা ভাল উপায়, এখানে অপরাধ প্রতিরোধ এবং স্বাস্থ্য ও মঙ্গলসাধনের মত বয়স্ক মানুষদের বিষয়গুলির উন্নয়নের জন্য নিয়মিত অনুষ্ঠান আয়োজিত হয়। তাছাড়া সর্বদাই একজন বন্ধুভাবাপন্ন ব্যক্তি মানুষকে সঠিক বিভাগের দিকনির্দেশ দেওয়ার জন্য উপস্থিত থাকেন, যদি সম্প্রদায়ের ভিতরে এজ কনসার্ন যে অন্যান্য পরিষেবাগুলি প্রদান করে সেগুলির বিষয়ে তাদের কোনও নির্দিষ্ট প্রশ্ন থাকে। সবচেয়ে জরুরী যে কথাটা মনে রাখতে হয় তা হল কার্ডিফের কেয়ারফিলি রোড ও হুইটচার্চ রোডের এজ কনসার্ন দোকানগুলি থেকে উপার্জিত সকল অর্থ এই দাতব্য সংস্থার দ্বারা চালিত অন্যান্য কার্যক্রমগুলিতে সরাসরি ফেরত যায়।

সুপ্রতিবেশী যোজনা

মারিয়ান একাকিত্ব অনুভব করতে শুরু করেছেন এবং আগে যেভাবে বাইরে গিয়ে বন্ধুদের বাড়ি যেতেন সেটা আর করতে পারছেন না। ফোনে আলাপ করাও এখন আর কোনও বিকল্প নয়, কারণ তার শ্রবণশক্তিও হ্রাস পেয়েছে... বাড়িতে অনেকগুলি বসন্ত কাটাবার পরে মারিয়ান এইড কল সম্বন্ধে তথ্য জানতে চাওয়ার জন্য তার স্থানীয় সুপ্রতিবেশী যোজনায় যোগাযোগ করেছিলেন। স্থানীয় সমন্বয়কারী তার গৃহ পরিদর্শনের আয়োজন করেন এবং মারিয়ানের সাথে তার প্রয়োজনগুলির বিষয়ে সাধারণ গল্পগুজব করেন। মারিয়ান পরিবহণ এবং ছোটখাট ব্যবহারিক কাজের বিষয়ে জানতে চান এবং তাকে এটা ব্যাখ্যা করা হয় যে এই প্রকৃতির সহায়তা সম্পূর্ণরূপে তার এলাকায় উপলব্ধ স্বেচ্ছাসেবীদের সংখ্যার উপরে নির্ভরশীল। তারা একসাথে চিহ্নিত করেছিলেন যে তিনি যথেষ্ট একাকী ও বিচ্ছিন্ন এবং সমন্বয়কারী পরামর্শ দিয়েছিলেন, তার সাথে বন্ধুত্ব করার জন্য একজন স্বেচ্ছাসেবী নিয়মিতরূপে তার বাড়িতে আসতে পারেন এবং তিনিও তার সম্প্রদায়ের পরবর্তী স্থানীয় ফ্রেন্ডশিপ ক্লাবে উপস্থিত হতে পারেন। মারিয়ান সুপ্রতিবেশী যোজনার মাধ্যমে যে বিশ্বস্ত ও দীর্ঘকালীন সহায়তা পেয়েছেন সময়ের সাথে সাথে তিনি এখন প্রকৃতই তার প্রশংসা করেন এবং তাকে মূল্যবান বলে মনে করেন।

আশা করা যায় এই তথ্য এজ কনসার্নের প্রদান করা অনেক বিভিন্ন পরিষেবা ও সুযোগের সম্বন্ধে আপনাকে একটা ধারণা দিয়েছে। আমাদের লক্ষ্য হল সমাজের প্রতিটি অংশের কাছে পৌঁছানো এবং তাদের পরিষেবা দেওয়া, তাই আপনি যদি মনে করেন যে আপনি আমাদের সহায়তার দ্বারা উপকৃত হতে পারেন অথবা আপনি স্বেচ্ছাসেবী হিসাবে এজ কনসার্নে অংশ নিতে চাইবেন তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন। আমাদের সাথে যোগাযোগ করার সকল বিবরণগুলি এই উপস্থাপনার সাথে সংশ্লিষ্ট পাঠ্যে বিস্তারিতরূপে দেওয়া আছে।